সমকাল

তারিখ : 23 JUL 2016
পৃষ্ঠা : ৬ কলাম : ৪

# রূপগঞ্জে উপবৃত্তির টাকা কম দেওয়ায় শিক্ষার্থীদের বিক্ষোভ

■ রূপগঞ্জ (নারায়ণগঞ্জ) প্রতিনিধি

রূপগঞ্জ উপজেলায় উপবৃত্তির টাকা কম দেওয়ায় শিক্ষার্থী ও অভিভাবকরা বিক্ষোভ করেছেন। শুক্রবার দুপুরে উপজেলার কায়েতপাড়া ইউনিয়নের পূর্বগ্রাম সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠ প্রাঙ্গণে অভিভাবকদের মাঝে এ অসন্তোষ দেখা দেয়। অভিভাবকরা জানান, সকালে জনকল্যাণ আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়, চনপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় ও পূর্বগ্রাম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের পাওনা উপবৃত্তির ১২ মাসের টাকা দেওয়ার কথা ছিল। এক হাজার ৭৬৯ শিক্ষার্থীর জন্য উপবৃত্তির ৭ লাখ ৫৭ হাজার ৯৫০ টাকা বরাদ্দ আসে।

অভিভাবকরা উপবৃত্তির টাকা নিতে সকালে পূর্বগ্রাম সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে ভিড় জমান। এ সময় উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা মার্জিয়া আক্তারের নির্দেশে শিক্ষকরা ২০১৫ সালের জুলাই থেকে ডিসেম্বর ও ২০১৬ সালের জানুয়ারি থেকে জুন পর্যন্ত উপবৃত্তির টাকা পরিশোধ করবে বলে অবিভাবকদের কাছ থেকে স্বাক্ষর নিয়ে নেন। পরে উপবৃত্তির টাকা দিই, দিচ্ছি করে ঘুরাতে থাকেন। দুপুরে সহকারী শিক্ষা কর্মকর্তা মার্জিয়া আক্তার অভিভাবকদের বলেন, ২০১৬ সালের জানুয়ারি থেকে জুন পর্যন্ত উপবৃত্তির টাকা পরিশোধ করা হবে। এ সময় অভিভাবকরা ক্ষিপ্ত হয়ে ওঠেন এবং ২০১৫ সালের জুলাই থেকে ডিসেম্বর মাসের উপবৃত্তির টাকা পরিশোধের দাবি করেন। এ সময় সহকারী শিক্ষা কর্মকর্তা মার্জিয়া আক্তার অভিভাবকদের সঙ্গে খারাপ আচরণ করেন। অভিযুক্ত উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা মার্জিয়া আক্তার বলেন, আমি কিছু বলতে পারব না। এ বিষয়ে কথা বলতে হলে শিক্ষা কর্মকর্তার সঙ্গে কথা বলেন। উপজেলা শিক্ষা কর্মকর্তা সফিকুল ইসলাম সরকার বলেন, নিয়মানুযায়ী শিক্ষার্থীদের উপবৃত্তির টাকা পরিশোধ করা হচ্ছে।